খুলনায় জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা

লেখক: প্রকাশক | প্রকাশিত: 29 October 2026, 11:41 PM | বিভাগ: সারাদেশ

জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা আজ (বুধবার) সকালে খুলনা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য ‘নিরাপদ সড়ক সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ। সভায় প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার মো: আবদুল্লাহ হারুন।

প্রধান অতিথি বলেন, নিরাপদ সড়ক চাই আন্দোলন শুরুর তিন দশক পেরিয়ে গেলেও সড়ক এখনো নিরাপদ হয়ে ওঠেনি। সড়ক অনিরাপদ থাকার পেছনে বহুমাত্রিক কারণ রয়েছে। এর মধ্যে অর্থনীতিতে টেকসই উন্নয়নের অভাব অন্যতম। বিভাগীয় কমিশনার বলেন, গুটিকয়েক মানুষের কর্মসংস্থান সৃষ্টি করতে গিয়ে আমরা অনেকের জন্য মৃত্যুফাঁদ তৈরি করছি। কর্মসংস্থান সৃষ্টির প্রক্রিয়ায় সড়ক যেন অনিরাপদ হয়ে না ওঠে, সে বিষয়ে গুরুত্ব দিতে হবে।

তিনি আরও বলেন, সড়ক দুর্ঘটনা রোধে নিয়মিত সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হবে। মোটরসাইকেল চালকদের দক্ষতা অর্জনের পাশাপাশি ট্রাফিক আইন মেনে চলতে হবে। ফুটপাত দখলমুক্ত করার মাধ্যমে পথচারীদের হাঁটার উপযোগী পরিবেশ নিশ্চিত করতে হবে। সড়ক নিরাপদ করতে সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, এ ক্ষেত্রে

জনসচেতনতা বৃদ্ধির কোনো বিকল্প নেই।

খুলনা জেলা প্রশাসক হুরে জান্নাতের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন বিআরটিএ’র বিভাগীয় পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন কেএমপির উপপুলিশ কমিশনার (ট্রাফিক) শফিকুল ইসলাম। অনুষ্ঠানে খুলনা জেলার নিরাপদ সড়ক চাই এর সভাপতি তরিকুল ইসলাম, মহানগরের সভাপতি মাহবুবুর রহমান মুন্না, খুলনা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি খান জাহিদ হোসেন, ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি মো: সারোয়ার রহমান, বাস মালিক সমিতির সভাপতি মো: সাইফুল ইসলাম মল্লিক প্রমুখ বক্তৃতা করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন খুলনা বিআরটিএ’র উপপরিচালক প্রকৌশলী তানভীর আহমেদ।

এর আগে দিবসটি উপলক্ষ্যে খুলনা কালেক্টরেট এর সামনের সাস্তায় রোড-শো অনুষ্ঠিত হয়। রোড-শোতে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক-শিক্ষার্থী, বিএনসিসি ও রোভার স্কাউটের সদস্যসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

উল্লেখ্য, গত ২২ অক্টোবর পূজার সরকারি ছুটি থাকার কারণে আজ সারাদেশের ন্যায় বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে খুলনায় জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।